# তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রমের ষান্মাসিক প্রতিবেদন।

## (জুলাই-ডিসেম্বর, ২০১৭)

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

## তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৭ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক প্রতিবেদন

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ডিসেম্বর ২২, ২০১৪ তারিখে জারীকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ এর মাধ্যমে দেশের তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কার্যক্রমের আওতায় স্বেচ্ছামূলকভাবে বিভিন্ন খাতে তাদের গৃহীত সিএসআর সংক্রান্ত ব্যয়ের বিষয়ে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করা হয়। উক্ত সার্কুলারের মাধ্যমে দেশের তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের সিএসআর ব্যয়ের প্রায় ৩০% শিক্ষা খাতে, ২০% স্বাস্থ্য খাতে ব্যয়ের পরামর্শ প্রদান করা হয়। এছাড়াও জুলাই ০৯, ২০১৫ তারিখে জারীকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-৪ এর মাধ্যমে তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের ১০% জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের পরামর্শ প্রদান করা হয়। এ প্রেক্ষিতে তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত জুলাই-ডিসেম্বর, ২০১৭ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী পর্যালোচনাপূর্বক সার্বিক অগ্রগতির চিত্র নিম্নরূপ:

- তফসিলী ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিক ভিত্তিক সিএসআর কার্যক্রমের বিবরণী:

ছক-১ ঃ তফসিলী ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৭ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী (কোটি টাকায়)

| ক্রম | তফসিলী ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অবকাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য | মোট | শিক্ষা হার (%) | স্বাস্থ্য হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিল হার (%) (৩+৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | সোনালী ব্যাংক লি: | ০.৪০ | ০.৪৬ | - | - | - | - | - | ০.১১ | ০.৯৭ | ৪১.২৪ | ৪৭.৪২ | - |
| ২ | জনতা ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | ০.০৫ | ০.০৫ | - | - | - |
| ৩ | অগ্রণী ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৪ | রূপালী ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৫ | বেসিক ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | ০.০৮ | ০.০৮ | - | - | - |
| ৬ | বাংলাদেশ কৃষি ব্যাংক | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৮ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৯ | এবি ব্যাংক লি: | ০.৪০ | ০.০৮ | ৩.০০ | - | ০.৫৭ | - | - | ৫.০০ | ৯.০৫ | ৪.৪২ | ০.৮৮ | ৩৩.১৫ |
| ১০ | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লি: | ০.৫৭ | ০.৫৩ | ০.২০ | ০.১৬ | ০.০৯ | - | - | ৮.০০ | ৯.৫৫ | ৫.৯৭ | ৫.৫৫ | ৩.৭৭ |
| ১১ | ব্যাংক এশিয়া লি: | ১.০৬ | ১.২০ | ৬.৮২ | - | ০.০৬ | ০.০২ | - | ৩.০৮ | ১২.২৪ | ৮.৬৬ | ৯.৮০ | ৫৫.৭২ |
| ১২ | বাংলাদেশ কমার্স ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | ০.০১ | ০.০১ | - | - | - |
| ১৩ | ব্র্যাক ব্যাংক লি: | ১.৭০ | ০.৩৩ | ৯.৫৫ | - | - | - | - | ০.২১ | ১১.৭৯ | ১৪.৪২ | ২.৮০ | ৮১.০০ |
| ১৪ | ঢাকা ব্যাংক লি: | ০.২৩ | ০.২৬ | ১০.৫২ | - | - | - | - | ০.১০ | ১১.১১ | ২.০৭ | ২.৩৪ | ৯৪.৬৯ |
| ১৫ | ডাচ-বাংলা ব্যাংক লি: | ২৬.২১ | ৩.৪৯ | ১০.৬০ | ০.০৭ | - | ১.০০ | - | ০.৯০ | ৪২.২৭ | ৬২.০১ | ৮.২৬ | ২৫.২৪ |
| ১৬ | ইস্টার্ন ব্যাংক লি: | ০.০২ | ০.০২ | ৯.৯৬ | - | - | - | - | - | ১০.০০ | ০.২০ | ০.২০ | ৯৯.৬০ |
| ১৭ | দি ফারমার্স ব্যাংক লি: | ০.১২ | ০.০২ | ১.০০ | - | ০.১০ | - | - | - | ১.২৪ | ৯.৬৮ | ১.৬১ | ৮০.৬৫ |
| ১৮ | এক্সিম ব্যাংক লি: | ৩.২৫ | ০.৬১ | ১৬.৩৪ | - | ০.৩৭ | - | - | ৪.৭০ | ২৫.২৭ | ১২.৮৬ | ২.৪১ | ৬৪.৬৬ |
| ১৯ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি: | ০.০৬ | ০.১৬ | ৯.০২ | ০.০৮ | ৩.০১ | - | - | - | ১২.৩৩ | ০.৪৯ | ১.৩০ | ৭৩.৮০ |
| ২০ | আইসিবি ইসলামীক ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২১ | আইএফআইসি ব্যাংক লি: | ০.২৩ | - | ২.২১ | - | - | - | - | ০.০৪ | ২.৪৮ | ৯.২৭ | - | ৮৯.১১ |
| ২২ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি: | ১০.৩৯ | ০.৩৫ | ২৮.৩৯ | ২.৬৪ | ৩.২৫ | - | - | ১.৬৬ | ৪৬.৬৮ | ২২.২৬ | ০.৭৫ | ৬৬.৪৭ |
| ২৩ | যমুনা ব্যাংক লি: | ০.৫৫ | ০.২০ | ৭.৭৪ | ০.০৪ | ০.১৯ | - | ০.০৩ | ০.১৬ | ৮.৯১ | ৬.১৭ | ২.২৪ | ৮৭.৩২ |
| ২৪ | মেঘনা ব্যাংক লি: | - | ০.০২ | ১.৫০ | - | - | - | - | ০.৬১ | ২.১৩ | - | ০.৯৪ | ৭০.৪২ |
| ২৫ | মার্কেন্টাইল ব্যাংক লি: | ৩.৩১ | ০.২৩ | ৬.৬৮ | - | ০.২৬ | - | - | ১.৬৯ | ১২.১৭ | ২৭.২০ | ১.৮৯ | ৫৪.৮৯ |
| ২৬ | মিডল্যান্ড ব্যাংক লি: | ০.০৪ | ০.২০ | ০.৬৪ | - | - | - | - | - | ০.৮৮ | ৪.৫৫ | ২২.৭৩ | ৭২.৭৩ |
| ২৭ | মধুমতি ব্যাংক লি: | - | - | ০.৯৮ | - | - | - | ০.০৫ | - | ১.০৩ | - | - | ৯৫.১৫ |
| ২৮ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি: | ০.৪০ | ০.৭৬ | ১.০৭ | - | - | - | - | ০.৪২ | ২.৬৫ | ১৫.০৯ | ২৮.৬৮ | ৪০.৩৮ |
| ২৯ | ন্যাশনাল ব্যাংক লি: | ০.০২ | ০.৩৭ | ৫.৩৫ | - | ০.৩৬ | ০.০১ | ০.০৯ | ০.০৯ | ৬.২৯ | ০.৩২ | ৫.৮৮ | ৮৫.০৬ |
| ৩০ | এনসিসি ব্যাংক লি: | ০.২২ | ০.১০ | ৮.০০ | - | ০.০৫ | - | - | ০.১০ | ৮.৪৭ | ২.৬০ | ১.১৮ | ৯৪.৪৫ |
| ৩১ | এনআরবি ব্যাংক লি: | - | ০.০৩ | ১.৫০ | - | - | - | - | - | ১.৫৩ | - | ১.৯৬ | ৯৮.০৪ |
| ৩২ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি: | ২.৪৮ | - | ৩.৫০ | - | ০.১২ | ০.০৮ | - | ১.০৪ | ৭.২২ | ৩৪.৩৫ | - | ৪৮.৪৮ |
| ৩৩ | এনআরবি গ্লোবাল ব্যাংক লি: | ০.০৫ | ০.০৬ | ১.৭০ | - | - | ০.১০ | - | ০.৩৩ | ২.২৪ | ২.২৩ | ২.৬৮ | ৭৫.৮৯ |

**ছক-১ ঃ তফসিলী ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৭ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী (কোটি টাকায়)**

| ক্রম | তফসিলী ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অবকাঠামো উন্নয়ন | আয় বর্ধক কর্মসূচী | অন্যান্য | মোট | শিক্ষা হার (%) | স্বাস্থ্য হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিল হার (%) (৩+৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ৩৪ | ওয়ান ব্যাংক লি: | ০.৯৮ | ০.০৪ | ১০.৬০ | - | - | - | - | ০.০৪ | ১১.৬৬ | ৮.৪০ | ০.৩৪ | ৯০.৯১ |
| ৩৫ | প্রাইম ব্যাংক লি: | ৩.৮২ | ৩.২৫ | ৩.০০ | - | ০.২৫ | - | - | ৬.৪৩ | ১৬.৭৫ | ২২.৮১ | ১৯.৪০ | ১৭.৯১ |
| ৩৬ | পূবালী ব্যাংক লি: | ০.৫৯ | ০.২৮ | ৮.০০ | - | ০.০৬ | - | - | ০.১২ | ৯.০৫ | ৬.৫২ | ৩.০৯ | ৮৮.৪০ |
| ৩৭ | সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লি: | ২.৭৬ | ০.৪৩ | ১.৫০ | - | ০.১২ | - | - | ১.০১ | ৫.৮২ | ৪৭.৪২ | ৭.৩৯ | ২৫.৭৭ |
| ৩৮ | শাহজালাল ইসলামী ব্যাংক লি: | ০.৬৬ | - | ১.১৬ | - | - | - | - | ৯.৯৭ | ১১.৭৯ | ৫.৬০ | - | ৯.৮৪ |
| ৩৯ | স্যোসাল ইসলামী ব্যাংক লি: | ২.৭০ | ০.৬৩ | ৫.৭০ | ৩.৪২ | ০.১৬ | - | - | - | ১২.৬১ | ২১.৪১ | ৫.০০ | ৭২.৩২ |
| ৪০ | সাউথইস্ট ব্যাংক লি: | ৩.২১ | ০.৬৬ | ১০.৮৫ | - | ০.২৯ | ০.০১ | ০.১৫ | ০.০৯ | ১৫.২৬ | ২১.০৪ | ৪.৩৩ | ৭১.১০ |
| ৪১ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি: | ০.৫৯ | ০.২৭ | ৮.২৪ | - | ০.৫১ | - | - | ০.০৬ | ৯.৬৭ | ৬.১০ | ২.৭৯ | ৮৫.২১ |
| ৪২ | সীমান্ত ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৪৩ | দি সিটি ব্যাংক লি: | ০.৬৫ | ০.০৬ | ৯.৬৪ | ০.১৮ | - | - | - | - | ১০.৫৩ | ৬.১৭ | ০.৫৭ | ৯৩.২৬ |
| ৪৪ | দি প্রিমিয়ার ব্যাংক লি: | ৩.১২ | ০.১৯ | ৮.০০ | - | - | - | - | ০.০৯ | ১১.৪০ | ২৭.৩৭ | ১.৬৭ | ৭০.১৮ |
| ৪৫ | ট্রাস্ট ব্যাংক লি: | ০.২২ | ৬.১০ | ৩.০০ | - | ০.১০ | - | - | ২.০৬ | ১১.৪৮ | ১.৯২ | ৫৩.১৪ | ২৬.১৩ |
| ৪৬ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি: | ০.৫০ | ০.২১ | ১২.০৮ | - | ২.২০ | - | - | ২.৭৪ | ১৭.৭৩ | ২.৮২ | ১.১৮ | ৬৮.১৩ |
| ৪৭ | ইউনিয়ন ব্যাংক লি: | ০.১৮ | ০.১১ | ২.৩৬ | - | - | - | - | ১.২৪ | ৩.৮৯ | ৪.৬৩ | ২.৮৩ | ৬০.৬৭ |
| ৪৮ | উত্তরা ব্যাংক লি: | ২.০৫ | ০.০৩ | ৩.৯০ | - | - | - | - | ৭.১২ | ১৩.১০ | ১৫.৬৫ | ০.২৩ | ২৯.৭৭ |
| ৪৯ | ব্যাংক আল-ফালাহ লি: | ০.০৫ | ০.০৩ | ০.০৩ | - | - | - | - | - | ০.১১ | ৪৫.৪৫ | ২৭.২৭ | ২৭.২৭ |
| ৫০ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি | ০.০৬ | ০.০৪ | ০.০৩ | - | - | - | - | - | ০.১৩ | ৪৬.১৫ | ৩০.৭৭ | ২৩.০৮ |
| ৫১ | সিটিব্যাংক এন.এ. | ০.৮১ | - | ০.৮০ | - | ০.২০ | - | - | ০.৮৬ | ২.৬৭ | ৩০.৩৪ | - | ২৯.৯৬ |
| ৫২ | হাবিব ব্যাংক লি: | - | - | ০.০৭ | - | - | - | - | ০.০১ | ০.০৮ | - | - | ৮৭.৫০ |
| ৫৩ | এইচএসবিসি | ০.২৭ | ০.৩৯ | - | ০.১৯ | - | - | - | ০.০৫ | ০.৯০ | ৩০.০০ | ৪৩.৩৩ | ২১.১১ |
| ৫৪ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | - | - | - | - | - | - | - | ০.০১ | ০.০১ | - | - | - |
| ৫৫ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | ০.০৩ | - | ০.০১ | - | ০.০১ | - | - | - | ০.০৫ | ৬০.০০ | - | ২০.০০ |
| ৫৬ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ১.১১ | ০.৫৭ | ০.১২ | ০.০৫ | ১.৫৩ | - | - | ১.০৫ | ৪.৪৩ | ২৫.০৬ | ১২.৮৭ | ৩.৮৪ |
| ৫৭ | উরী ব্যাংক | ০.০১ | - | - | - | - | - | - | - | ০.০১ | ১০০.০০ | - | - |
| **সর্বমোট** | | **৭৬.০৮** | **২২.৭৭** | **২৩৫.৩৬** | **৬.৮৩** | **১৩.৮৬** | **১.২২** | **০.৩২** | **৬১.৩৩** | **৪১৭.৭৭** | | | |
| **শতকরা হার (%)** | | **১৮.২১** | **৫.৪৫** | **৫৬.৩৪** | **১.৬৩** | **৩.৩২** | **০.২৯** | **০.০৮** | **১৪.৬৮** | **১০০.০০** | | | |

চিত্র-১ ঃ তফসিলী ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিক ভিত্তিক খাতওয়ারি সিএসআর ব্যয়




বিশ্লেষণঃ ছক-১ ও চিত্র-১ অনুযায়ী দেশে কার্যরত তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক তাদের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে সিএসআর খাতে ব্যয়ের পরিমাণ সর্বমোট টাকা ৪১৭.৭৭ কোটি (টাকা চারশত সতের কোটি সাতাত্তর লক্ষ মাত্র)। উক্ত সিএসআর ব্যয়ের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে সর্বোচ্চ টাকা ২৩৫.৩৬ কোটি (৫৬.৩৪%) ব্যয় করা হয়েছে। তফসিলী ব্যাংকসমূহের বিবরণী পর্যালোচনান্তে দেখা যায় যে, উক্ত সময়ে মূলতঃ দেশে স্মরণকালের তীব্র শীত বিরাজমান থাকায় শীতার্ত জনগণের কষ্ট নিবারণের উদ্দেশ্যে নিজস্ব উদ্যোগে বা প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের মাধ্যমে শীতবস্ত্র বিতরণের লক্ষ্যে অনুদান প্রদানের উদ্দেশ্যে এ খাতে সিএসআর ব্যয় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে। তাছাড়া উত্তরাঞ্চলের বন্যাদূর্গত অঞ্চলে সহায়তা ও রোহিঙ্গা শরণার্থীদের জন্য মানবিক সহায়তা প্রদান করায় উক্ত ষান্মাসিকে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে সিএসআর ব্যয় বৃদ্ধির অন্যতম কারণ হিসেবে বিবেচ্য ছিল। আলোচ্য ষান্মাসিকে তফসিলী ব্যাংকসমূহের সিএসআর খাতে দ্বিতীয় সর্বোচ্চ ব্যয় ছিল শিক্ষা খাতে টাকা ৭৬.০৮ কোটি (১৮.২১%)। এছাড়াও ব্যাংকসমূহের সিএসআর খাতে উল্লেখযোগ্য অন্যান্য ব্যয়ের খাতসমূহের মধ্যে ছিল অন্যান্য (Others) খাতে টাকা ৬১.৩৩ কোটি (১৪.৬৮%), স্বাস্থ্য খাতে টাকা ২২.৭৭ কোটি (৫.৪৫%), সংস্কৃতি খাতে টাকা ১৩.৮৬ কোটি (৩.৩২%) এবং পরিবেশবান্ধব খাতে টাকা ৬.৮৩ কোটি (১.৬৩%)। আলোচ্য সময়ে তফসিলী ব্যাংকসমূহের সিএসআর খাতে ব্যয়ের মধ্যে অনুল্লেখযোগ্য ছিল অবকাঠামোগত উন্নয়ন খাতে টাকা ১.২২ কোটি (০.২৯%) এবং আয় বর্ধক কর্মসূচীতে টাকা ০.৩২ কোটি (০.০৮%)।

## সিএসআর ব্যয়বিহীন/অনুল্লেখযোগ্য সিএসআর সংশ্লিষ্ট তফসিলী ব্যাংকসমূহ:

দেশে কার্যরত তফসিলী ব্যাংকসমূহের মধ্যে জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে মোট ০৭(সাত)টি ব্যাংক (অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, আইসিবি ইসলামীক ব্যাংক লিঃ এবং সীমান্ত ব্যাংক লিঃ) কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের আওতায় সিএসআর খাতে কোনরূপ ব্যয় করেনি। অপরদিকে এ ষান্মাসিকে জনতা ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ, ব্যাংক আল-ফালাহ লিঃ, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, হাবিব ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া এবং উরী ব্যাংক এর সিএসআর ব্যয়ের পরিমাণ ছিল অতি নগণ্য।

## শিক্ষাখাতে ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের হারঃ

জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে দেশের ৫৭টি তফসিলী ব্যাংকের মধ্যে মোট ২৬টি ব্যাংক শিক্ষাখাতে নিজ মোট সিএসআর ব্যয়ের ০%-৫% ব্যয় করেছে, তারমধ্যে ১৫টি ব্যাংক এ খাতে কোনরূপ ব্যয় করেনি। তাছাড়া ১০টি ব্যাংক নিজ মোট সিএসআর ব্যয়ের ৬%-১০%, ০২টি করে ব্যাংক সিএসআর ব্যয়ের যথাক্রমে ১১%-১৫% ও ১৬%-২০%, ০৪টি ব্যাংক নিজ মোট সিএসআর ব্যয়ের ২১%-২৫% এবং ০৩টি ব্যাংক সিএসআর ব্যয়ের ২৬%-৩০% শিক্ষা খাতে ব্যয় করেছে। অপরদিকে সিএসআর ব্যয়ের জন্য নির্ধারিত ০৮টি খাতের মধ্যে শিক্ষাখাতে ১০টি ব্যাংক তাদের নিজ মোট সিএসআর ব্যয়ের ৩০% এর অধিক ব্যয় করেছে।

ছক-১.১ এ শিক্ষাখাতে তফসিলী ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস উপস্থাপন করা হলো:

| ছক-১.১ ঃ শিক্ষা খাতে তফসিলী ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| (০-৫)% | (৬-১০)% | (১১-১৫)% | (১৬-২০)% | (২১-২৫)% | (২৬-৩০)% | >৩০% |
| জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ, বিকেবি, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বিডিবিএল, এবি ব্যাংক লিঃ, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ, ঢাকা ব্যাংক লিঃ, ইস্টার্ন ব্যাংক লিঃ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, আইসিবি ইসলামীক ব্যাংক লিঃ, মেঘনা ব্যাংক লিঃ, মিডল্যান্ড ব্যাংক লিঃ, মধুমতি ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, এনসিসি ব্যাংক লিঃ, এনআরবি ব্যাংক লিঃ, এনআরবি গ্লোবাল ব্যাংক লিঃ, সীমান্ত ব্যাংক লিঃ, ট্রাষ্ট ব্যাংক লিঃ, ইউসিবিএল, ইউনিয়ন ব্যাংক লিঃ, হাবিব ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান। | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ, দি ফারমার্স ব্যাংক লিঃ, আইএফআইসি ব্যাংক লিঃ, যমুনা ব্যাংক লিঃ, ওয়ান ব্যাংক লিঃ, পূবালী ব্যাংক লিঃ, শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, স্ট্যাডার্ড ব্যাংক লিঃ, দি সিটি ব্যাংক লিঃ। | ব্রাক ব্যাংক লিঃ, এক্সিম ব্যাংক লিঃ। | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, উত্তরা ব্যাংক লি.। | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, প্রাইম ব্যাংক লিঃ, সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, সাউথইষ্ট ব্যাংক লিঃ। | মার্কেন্টাইল ব্যাংক লিঃ, দি প্রিমিয়ার ব্যাংক লিঃ, স্টান্ডার্ড চার্টার্ড ব্যাংক। | সোনালী ব্যাংক লিঃ, ডাচ-বাংলা ব্যাংক লিঃ, এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ, সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ, ব্যাংক আল-ফালাহ লিঃ, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, সিটি ব্যাংক এন.এ., এইচএসবিসি, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, উরী ব্যাংক। |
| ২৬টি | ১০টি | ০২টি | ০২টি | ০৪টি | ০৩টি | ১০টি |

## স্বাস্থ্য খাতে ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের হার:

জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে দেশের ৫৭টি তফসিলী ব্যাংকের মধ্যে মোট ৪৩টি ব্যাংক তাদের নিজ সিএসআর ব্যয়ের ০%-৫% স্বাস্থ্য খাতে ব্যয় করেছে, যার মধ্যে ১৯টি ব্যাংক এ খাতে কোনরূপ অর্থ ব্যয় করেনি। তাছাড়া ০৫টি ব্যাংক তাদের নিজ মোট সিএসআর ব্যয়ের ৬%-১০%, ০১টি করে ব্যাংক সিএসআর ব্যয়ের যথাক্রমে ১১%-১৫% ও ১৬%-২০% স্বাস্থ্য খাতে ব্যয় করেছে। অপরদিকে সিএসআর ব্যয়ের জন্য নির্ধারিত ০৮টি খাতের মধ্যে স্বাস্থ্য খাতে ০৭টি ব্যাংক তাদের নিজ সিএসআর ব্যয়ের ২০% এর অধিক ব্যয় করেছে। ছক-১.২ এ স্বাস্থ্য খাতে তফসিলী ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস দেখানো হলো:

| ছক-১.২ ঃ স্বাস্থ্য খাতে তফসিলী ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস | | | | |
|---|---|---|---|---|
| (০-৫)% | (৬-১০)% | (১১-১৫)% | (১৬-২০)% | >২০% |
| জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ, বিকেবি, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বিডিবিএল, এবি ব্যাংক লিঃ, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ, ব্রাক ব্যাংক লিঃ, ঢাকা ব্যাংক লিঃ, ইস্টার্ন ব্যাংক লিঃ, দি ফারমার্স ব্যাংক লিঃ, এক্সিম ব্যাংক লিঃ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, আইসিবি ইসলামীক ব্যাংক লিঃ, আইএফআইসি ব্যাংক লিঃ, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, যমুনা ব্যাংক লিঃ, মেঘনা ব্যাংক লিঃ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, মধুমতি ব্যাংক লিঃ, এনসিসি ব্যাংক লিঃ, এনআরবি ব্যাংক লিঃ, এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ, এনআরবি গ্লোবাল ব্যাংক লিঃ, ওয়ান ব্যাংক লিঃ, পূবালী ব্যাংক লিঃ, শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, সাউথইষ্ট ব্যাংক লিঃ, স্ট্যাডার্ড ব্যাংক লিঃ, সীমান্ত ব্যাংক লিঃ, দি সিটি ব্যাংক লিঃ, দি প্রিমিয়ার ব্যাংক লিঃ, ইউসিবিএল, ইউনিয়ন ব্যাংক লিঃ, উত্তরা ব্যাংক লিঃ, সিটি ব্যাংক এন.এ., হাবিব ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, উরী ব্যাংক। | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ, ডাচ-বাংলা ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ। | স্ট্যাডার্ড চার্টার্ড ব্যাংক। | প্রাইম ব্যাংক লিঃ। | সোনালী ব্যাংক লিঃ, মিডল্যান্ড ব্যাংক লিঃ, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, ট্রাস্ট ব্যাংক লিঃ, ব্যাংক আল-ফালাহ লিঃ, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, এইচএসবিসি। |
| ৪৩টি | ০৫টি | ০১টি | ০১টি | ০৭টি |

## জলবায়ু ঝুঁকি তহবিল খাতে তফসিলী ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের হারঃ

দুর্যোগ ব্যবস্থাপনা ও পরিবেশ এ দুটি খাত মূলত জলবায়ু ঝুঁকি তহবিল সংশ্লিষ্ট। জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে দেশের ৫৭টি ব্যাংকের মধ্যে মোট ১৬টি ব্যাংকের জলবায়ু ঝুঁকি তহবিল খাতে সিএসআর ব্যয় তাদের নিজ মোট সিএসআর ব্যয়ের ০%-১০%, তারমধ্যে ১৩টি ব্যাংক এ খাতে কোনরূপ অর্থ ব্যয় করেনি। অপরদিকে ৪১টি ব্যাংক এ খাতে নিজ মোট সিএসআর ব্যয়ের ১০% এর অধিক ব্যয় করেছে। ছক-১.৩ এ জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস দেখানো হলোঃ

| ছক-১.৩ ঃ জলবায়ু ঝুঁকি তহবিল খাতে তফসিলী ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস | |
|---|---|
| (০-১০)% | >১০% |
| সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ, বিকেবি, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বিডিবিএল, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ, আইসিবি ইসলামীক ব্যাংক লিঃ, শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, সীমান্ত ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, উরী ব্যাংক। | এবি ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ, ব্রাক ব্যাংক লিঃ, ঢাকা ব্যাংক লিঃ, ডাচ-বাংলা ব্যাংক লিঃ, ইস্টার্ন ব্যাংক লিঃ, দি ফারমার্স ব্যাংক লিঃ, এক্সিম ব্যাংক লিঃ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, আইএফআইসি ব্যাংক লিঃ, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, যমুনা ব্যাংক লিঃ, মেঘনা ব্যাংক লিঃ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, মিডল্যান্ড ব্যাংক লিঃ, মধুমতি ব্যাংক লিঃ, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, এনসিসি ব্যাংক লিঃ, এনআরবি ব্যাংক লিঃ, এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ, এনআরবি গ্লোবাল ব্যাংক লিঃ, ওয়ান ব্যাংক লিঃ, প্রাইম ব্যাংক লিঃ, পূবালী ব্যাংক লিঃ, সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ, সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, সাউথইষ্ট ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, দি সিটি ব্যাংক লিঃ, দি প্রিমিয়ার ব্যাংক লিঃ, ট্রাস্ট ব্যাংক লিঃ, ইউসিবিএল, ইউনিয়ন ব্যাংক লিঃ, উত্তরা ব্যাংক লিঃ, ব্যাংক আল-ফালাহ লিঃ, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, সিটি ব্যাংক এন.এ., হাবিব ব্যাংক লিঃ, এইচএসবিসি, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া। |
| ১৬টি | ৪১টি |

- আর্থিক প্রতিষ্ঠানসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিক ভিত্তিক সিএসআর কার্যক্রমের বিবরণী:

ছক-২ ঃ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৭ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী (কোটি টাকায়)

| ক্রম | আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অবকাঠামো উন্নয়ন | আয় বর্ধক কর্মসূচী | অন্যান্য | মোট | শিক্ষা হার (%) | স্বাস্থ্য হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিলের হার (%) (৩+৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২ | বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি: | - | - | - | ০.০১ | - | - | - | - | ০.০১ | - | - | ১০০.০০ |
| ৩ | বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৪ | বাংলাদেশ ইনফ্রাস্ট্রাক্চার ফাইন্যান্স ফান্ড লি: | - | ০.০১ | ০.০২ | - | - | - | - | ০.০১ | ০.০৪ | - | ২৫.০০ | ৫০.০০ |
| ৫ | বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | - | - | - | ০.০৫ | ০.০২ | ০.০৭ | - | - | - |
| ৬ | সিএপিএম ভেঞ্চার ক্যাপিটাল এন্ড ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৭ | ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লি: | ০.০২ | - | - | - | - | - | - | - | ০.০২ | ১০০.০০ | - | - |
| ৮ | ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | ০.০৪ | - | - | - | - | ০.০৪ | - | - | ১০০.০০ |
| ৯ | এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১০ | ফার্স্ট ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১১ | জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১২ | হজ্জ ফাইন্যান্স কোম্পানী লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১৩ | আইডিএলসি ফাইন্যান্স লি: | ০.২১ | ০.১৭ | ০.০৬ | ০.০৯ | ০.০৩ | - | - | - | ০.৫৬ | ৩৭.৫০ | ৩০.৩৬ | ২৬.৭৯ |
| ১৪ | ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১৫ | ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী লি: | - | - | ০.১০ | - | - | - | - | ০.১০ | ০.২০ | - | - | ৫০.০০ |
| ১৬ | ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি: | ০.০১ | - | ০.০১ | - | - | - | - | - | ০.০২ | ৫০.০০ | - | ৫০.০০ |
| ১৭ | আইপিডিসি ফাইন্যান্স লি: | ০.১০ | ০.১৪ | ০.০২ | ০.০৩ | ০.১২ | ০.০২ | ০.০২ | ০.০২ | ০.৪৭ | ২১.২৮ | ২৯.৭৯ | ১০.৬৪ |
| ১৮ | ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১৯ | লংকাবাংলা ফাইন্যান্স লি: | ০.১১ | - | ০.১৪ | ০.০৩ | - | ০.১০ | - | ০.১৪ | ০.৫২ | ২১.১৫ | - | ৩২.৬৯ |
| ২০ | মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | ০.০২ | - | - | - | - | - | ০.০২ | ১০০.০০ | - | - |
| ২১ | মাইডাস ফাইন্যান্সিং লি: | - | - | - | - | - | - | - | ০.১০ | ০.১০ | - | - | - |
| ২২ | ন্যাশনাল ফাইন্যান্স লি: | - | - | ০.০৫ | - | - | - | - | - | ০.০৫ | - | - | ১০০.০০ |
| ২৩ | ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২৪ | পিপল্স লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি: | ০.০৫ | - | - | - | - | - | - | - | ০.০৫ | ১০০.০০ | - | - |
| ২৫ | ফনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | ০.০১ | - | - | - | - | - | - | ০.০১ | - | ১০০.০০ | - |
| ২৬ | প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২৭ | প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | ০.০৩ | - | - | - | - | - | ০.০৩ | - | - | ১০০.০০ |
| ২৮ | রিলায়েন্স ফাইন্যান্স লি: | - | ০.০১ | - | - | - | - | - | - | ০.০১ | - | - | ১০০.০০ |
| ২৯ | সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লি. | ০.০৪ | ০.০৫ | ০.০৪ | - | - | - | - | ০.০৩ | ০.১৫ | ২৬.৬৭ | ৩৩.৩৩ | ২৬.৬৭ |
| ৩০ | দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লি: | ০.০১ | ০.০৫ | ০.০৫ | ০.০২ | - | ০.০৫ | - | ০.০২ | ০.২০ | ৫.০০ | ২৫.০০ | ৩৫.০০ |
| ৩১ | ইউনিয়ন ক্যাপিটাল লি: | ০.০৩ | ০.০১ | - | - | - | - | - | - | ০.০৪ | ৭৫.০০ | ২৫.০০ | - |
| ৩২ | ইউনাইটেড ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৩৩ | উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | ০.০৪ | - | - | - | - | - | - | ০.০৪ | - | ১০০.০০ | - |
| মোট: | | ০.৫৮ | ০.৪৯ | ০.৫৪ | ০.২২ | ০.১৫ | ০.১৭ | ০.০৭ | ০.৪৪ | ২.৬৬ | | | |
| শতকরা হার (%) | | ২১.৮১ | ১৮.৪২ | ২০.৩০ | ৮.২৭ | ৫.৬৪ | ৬.৩৯ | ২.৬৩ | ১৬.৫৪ | ১০০.০০ | | | |

চিত্র-২ ঃ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিক ভিত্তিক খাতওয়ারি সিএসআর ব্যয়




বিশ্লেষণ: ছক-২ ও চিত্র-২ অনুযায়ী দেশের আর্থিক প্রতিষ্ঠানসমূহ জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে সিএসআর খাতে মোট ২.৬৬ কোটি (টাকা দুই কোটি ছেষট্টি লক্ষ মাত্র) ব্যয় করেছে। উক্ত সময়ে আর্থিক প্রতিষ্ঠানসমূহ শিক্ষা খাতে সর্বোচ্চ টাকা ০.৫৮ কোটি (২১.৮১%) এবং দুর্যোগ ব্যবস্থাপনা খাতে দ্বিতীয় সর্বোচ্চ টাকা ০.৫৪ কোটি (২০.৩০%) সিএসআর বাবদ ব্যয় করেছে। তাছাড়া অন্যান্য খাতসমূহের মধ্যে স্বাস্থ্য খাতে টাকা ০.৪৯ কোটি (১৮.৪২%), অন্যান্য খাতে (Others) টাকা ০.৪৪ কোটি (১৬.৫৪%) এবং পরিবেশ বান্ধব খাতে টাকা ০.২২ কোটি (৮.২৭%) সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে। অপরদিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক খুবই স্বল্প পরিমাণে অবকাঠামোগত উন্নয়ন খাতে টাকা ০.১৭ কোটি (৬.৩৯%), সংস্কৃতি খাতে টাকা ০.১৫ কোটি (৫.৬৪%) এবং আয় বর্ধক কর্মসূচীতে টাকা ০.০৭ কোটি (২.৬৩%) সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে।

## শিক্ষাখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের হার:

জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিক ভিত্তিতে ৩৩টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২৩টি আর্থিক প্রতিষ্ঠান শিক্ষাখাতে কোনরূপ ব্যয় করেনি। অপরদিকে ০৪টি আর্থিক প্রতিষ্ঠান নিজ মোট সিএসআর ব্যয়ের ৫%-৩০% শিক্ষা খাতে ব্যয় করেছে। তাছাড়া ০৬টি আর্থিক প্রতিষ্ঠান নিজ মোট সিএসআর ব্যয়ের ৩০% এর অধিক শিক্ষাখাতে ব্যয় করেছে।

## স্বাস্থ্য খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের হার:

জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে ৩৩টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২৫টি আর্থিক প্রতিষ্ঠান স্বাস্থ্যখাতে সিএসআর বাবদ কোনরূপ অর্থ ব্যয় করেনি। একই সময়ে উক্ত খাতে অপর ০৮টি আর্থিক প্রতিষ্ঠানের সিএসএর ব্যয় তাদের নিজ মোট সিএসআর ব্যয়ের ২০% এর অধিক।

## জলবায়ু ঝুঁকি তহবিল খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের হার:

দুর্যোগ ব্যবস্থাপনা এবং পরিবেশ এ দুটি খাত মূলত জলবায়ু ঝুঁকি তহবিল সংশ্লিষ্ট খাত। জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাষিকে দেশের ৩৩টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২০টি আর্থিক প্রতিষ্ঠান এ খাতে কোনরূপ অর্থ ব্যয় করেনি। তবে ১৩টি আর্থিক প্রতিষ্ঠান তাদের নিজ মোট সিএসআর ব্যয়ের ১০% এর বেশি জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয় করেছে।

➤ <u>এক নজরে জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রমের সার্বিক চিত্র:</u>

- জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে তফসিলী ব্যাংকসমূহ সমন্বিতভাবে মোট টাকা ৪১৭.৭৭ কোটি (টাকা চারশত সতের কোটি সাতাত্তর লক্ষ মাত্র) সিএসআর হিসেবে বিভিন্ন খাতে ব্যয় করেছে।
- জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে ব্যাংকসমূহ কর্তৃক সর্বোচ্চ পরিমাণে সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে, যার পরিমাণ টাকা ২৩৫.৩৬ কোটি (টাকা দুইশত পঁয়ত্রিশ কোটি ছত্রিশ লক্ষ মাত্র) এবং যা ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের ৫৬.৩৪%।
- জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে তফসিলী ব্যাংকসমূহের শিক্ষাখাতে দ্বিতীয় সর্বোচ্চ সিএসআর বাবদ ব্যয়ের পরিমাণ টাকা ৭৬.০৮ কোটি (টাকা ছিয়াত্তর কোটি আট লক্ষ মাত্র), যা মোট সিএসআর ব্যয়ের ১৮.২১%।
- জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে ব্যাংকসমূহের অন্যান্য উল্লেখযোগ্য সিএসআর ব্যয়ের খাতসমূহ হলো অন্যান্য খাতে (Others) টাকা ৬১.৩৩ কোটি (১৪.৬৮%) এবং স্বাস্থ্য খাতে টাকা ২২.৭৭ কোটি (টাকা বাইশ কোটি সাতাত্তর লক্ষ মাত্র)।
- জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ সমন্বিতভাবে মোট টাকা ২.৬৬ কোটি (টাকা দুই কোটি ছেষট্টি লক্ষ মাত্র) সিএসআর হিসেবে বিভিন্ন খাতে ব্যয় করেছে।
- জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক শিক্ষা খাতে সর্বোচ্চ পরিমাণে সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে, যার পরিমাণ টাকা ০.৫৮ কোটি (টাকা আটান্ন লক্ষ মাত্র) এবং যা আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট সিএসআর ব্যয়ের ২১.৮১%।

---------------------------